



HUMAN RIGHTS SUPPORT SOCIETY (HRSS)

D-3, # 3rd floor, Plot # 2, Nur-Jehan Tower, 2nd Link Road, Bangla Motor, Dhaka-1000,
Bangladesh. E-mail: hrssbd14@gmail.com, Web: www.hrssbd.org

Ref: hrss/2023/ka/05

Reg. No: S-12473/2016

তারিখঃ ০৬.০৪.২০২৩ ইং

সংবাদ বিজ্ঞপ্তি

বাংলাদেশের মানবাধিকার পরিস্থিতি (জানুয়ারী-মার্চ-২০২৩) এইচআরএসএস এর ত্রৈমাসিক মানবাধিকার পর্যবেক্ষণ প্রতিবেদন।

বাংলাদেশ স্বাধীনতার পর উল্লেখযোগ্য ইতিবাচক অনেক সাফল্য অর্জন করলেও আইনের শাসন, গণতন্ত্র ও জনগনের ভোটাধিকার, মত প্রকাশের স্বাধীনতা, সভা সমাবেশ করার অধিকার, সামাজিক নিরাপত্তা, নারীর অধিকারসহ সার্বিক মানবাধিকার পরিস্থিতির আশাব্যঞ্জক অগ্রগতি পরিলক্ষিত হয়নি। সাংবিধানিক বাধ্যবাধকতা এবং আন্তর্জাতিক আইন ও চুক্তি থাকা সত্ত্বেও বাংলাদেশে নিয়মিত মানবাধিকার লঙ্ঘিত হচ্ছে। ২০২৩ সালের প্রথম ৩ মাসেও মানবাধিকার পরিস্থিতি পর্যালোচনা করে দেখা যায় যে, শান্তিপূর্ণ সভা সমাবেশে বাধা দেওয়া, আইন শৃংখলা রক্ষাকারী বাহিনী কর্তৃক গায়েবি মামলা, রাজনৈতিক গ্রেফতার, আইন শৃংখলা রক্ষাকারী বাহিনীর সদস্যদের আইনবহির্ভূত আচরণ, ধরে নিয়ে যাওয়ার পর গুম করার অভিযোগ, সাংবাদিকদের উপর আক্রমণ ও গ্রেফতার, সীমান্তে বিএসএফ কর্তৃক নিরীহ বাংলাদেশী হত্যা ও নির্যাতন, নারীর প্রতি সহিংসতা এবং গণপিটুনে মানুষ হত্যা অব্যাহত রয়েছে।

২০২৩ সালের জানুয়ারী-মার্চ মাসে বাংলাদেশের প্রথম সারির গনমাধ্যমে প্রকাশিত সংবাদ এবং এইচআরএসএস এর তথ্য অনুসন্ধানী ইউনিট ও স্থানীয় প্রতিনিধিদের তথ্যের ভিত্তিতে ত্রৈমাসিক মানবাধিকার পর্যবেক্ষণ প্রতিবেদনে এ তথ্য উঠে এসেছে।

২০২৩ সালের প্রথম ৩ মাসে ৫৮০ নারী ও কন্যা শিশু নির্যাতনের শিকার হয়েছে। এর মধ্যে ধর্ষণের শিকার হয়েছে ২৫০ জন, যাদের মধ্যে আশঙ্কাজনকভাবে ১৪৪ জন ১৮ বছরের কম বয়সী শিশু। এটা অত্যন্ত উদ্বেগের বিষয় যে ৪২ জন নারী ও শিশু গণধর্ষণের শিকার হয়েছে এবং ধর্ষণের পর হত্যা করা হয়েছে ১৪ জনকে যাদের মধ্যে শিশু ৮ জন। ১৯৬ জন নারী ও শিশু যৌন নিপীর্ণের শিকার হয়েছে তন্মধ্যে শিশু ১০৪ জন। যৌতুকের জন্য নির্যাতনের ঘটনায় নিহত হয়েছে ২০ জন নারী এবং শারীরিক নির্যাতনের শিকার হয়েছে ১৩ জন ও আত্মহত্যা করেছে ২ জন। পারিবারিক সহিংসতার শিকার হয়ে নিহত হয়েছে ৫১ জন, আহত হয়েছে ২০ জন এবং আত্মহত্যা করেছে ২৮ জন নারী। অন্যদিকে, এটি উদ্বেগজনক যে ২০২৩ সালে ৫৪৮ জন শিশু নির্যাতনের শিকার হয়েছে যাদের মধ্যে ১৫৯ জন প্রাণ হারিয়েছে এবং ৩৮৯ জন আহত হয়েছে।

প্রথম ৩ মাসে ৪৮ টি হামলার ঘটনায় ৭৪ জন সাংবাদিক নির্যাতনের শিকার হয়েছে, আহত হয়েছে অন্ততপক্ষে ৪৮ জন, লাঞ্ছনার শিকার হয়েছে ২৩ জন ও গ্রেপ্তার করা হয়েছে ২ জনকে। এছাড়াও সাংবাদিকদের বিরুদ্ধে দায়ের করা ৬টি মামলায় ১৭ জনকে অভিযুক্ত করা হয়েছে। একই সময়ে আশঙ্কাজনকভাবে, ডিজিটাল নিরাপত্তা আইন ২০১৮ এর অধীনে দায়ের করা ২৪টি মামলায় প্রথম আলোর সাংবাদিক শামসুজ্জামানসহ গ্রেপ্তার করা হয়েছে ৩২ জন এবং অভিযুক্ত করা হয়েছে ৬৪ জন। “সংখ্যালঘু” সম্প্রদায়ের উপর ১০ টি হামলার ঘটনায় আহত হয়েছে ৬ জন, ১২ টি মন্দিরে আক্রমণে ২০ টি প্রতিমা ভাঙচুর এবং ১৪টি বসত-বাড়ি ভাঙচুরের ঘটনা ঘটেছে। এছাড়া প



HUMAN RIGHTS SUPPORT SOCIETY (HRSS)

D-3, # 3rd floor, Plot # 2, Nur-Jehan Tower, 2nd Link Road, Bangla Motor, Dhaka-1000,
Bangladesh. E-mail: hrssbd14@gmail.com, Web: www.hrssbd.org

২০১ টি “রাজনৈতিক সহিংসতার” ঘটনায় নিহত হয়েছে ১১ জন, আহত হয়েছে ১৮২১ জন। যার অধিকাংশই ক্ষমতাসীন আওয়ামীলীগের অন্তর্কোন্দল ও বিএনপির পদযাত্রা ও সমাবেশকে কেন্দ্র করে আওয়ামীলীগের পাঁচা শান্তি সমাবেশ কেন্দ্রিক সংঘর্ষে এ হতাহতের ঘটনা ঘটে। তাছাড়া আইন প্রয়োগকারী সংস্থাগুলির দ্বারা বিরোধীদের ৭৮৭ জন গ্রেফতারের শিকার হয়। এসময়ে বিরোধীদের নেতা-কর্মীদের বিরুদ্ধে ৭৩ টি মামলায় ২১৪৬ জনের নাম উল্লেখ করে এবং আরো ১২০৮৪ জনকে অজ্ঞাত আসামী হিসেবে অভিযুক্ত করা হয়। এছাড়া আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও সরকার দলীয় নেতাকর্মীদের দ্বারা বিরোধীদের ৬০ টি সভা-সমাবেশ আয়োজনে বাধা প্রদানের ঘটনা ঘটেছে। এসময় তাদের সাথে সংঘর্ষে ৬৩৭ জন আহত এবং সমাবেশ কেন্দ্রিক ৪৯৪ জন কে গ্রেফতার করা হয়।

এই ৩ মাসে “গণপিটুনির” ৩২ টি ঘটনায় নিহত হয়েছে ১৭ জন এবং আহত হয়েছে ২৬ জন।

“ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ)” কর্তৃক ১৩ টি হামলার ঘটনায় ০৫ জন বাংলাদেশীকে হত্যা করা হয়েছে, আহত করা হয়েছে ০৫ জনকে এবং গ্রেফতার হয়েছে ০৬ জন।

অনতিবিলম্বে আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণের মাধ্যমে জনগনের মৌলিক ও সাংবিধানিক অধিকার নিশ্চিত করতে না পারলে দেশের সার্বিক মানবাধিকার পরিস্থিতি আরো অবনতির দিকে যাবে। তাই “হিউম্যান রাইটস সাপোর্ট সোসাইটির” পক্ষ থেকে সরকারকে মানবাধিকার রক্ষায় দায়িত্বশীল ভূমিকা পালন করতে এবং দেশের সকল সচেতন নাগরিক, সাংবাদিক, রাজনৈতিক নেতৃবৃন্দ ও দেশি-বিদেশী মানবাধিকার সংগঠন গুলোকে আরো সোচ্চার হওয়ার আহবান জানাচ্ছি।

ধন্যবাদসহ

ইজাজুল ইসলাম
নির্বাহী পরিচালক

হিউম্যান রাইটস সাপোর্ট সোসাইটি (এইচআরএসএস)

ইমেইল: hrssbd14@gmail.com